৫০১১৯


বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট


ডিএমডি সার্কুলার নং-০২

তারিখঃ ০১ অগ্রহায়ণ ১৪২৮
------------------
১৬ নভেম্বর ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়

**Guidelines on Electronic Dealing System for**
**<u>Interbank Money Market (EDSMoney Guidelines)</u> বাস্তবায়ন।**

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের তারল্য ব্যবস্থাপনায় আন্তঃব্যাংক মানি মার্কেটের লেনদেন বিশ্বব্যাপী একটি স্বীকৃত পন্থা। উক্ত কার্যক্রম অধিকতর গতিশীল, অভিঘাত শোষণক্ষম, সুসংহত ও যুগোপযোগী করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক একটি Real Time Web based প্ল্যাটফর্ম "Electronic Dealing System for Interbank Money Market (EDSMoney)" তৈরি করা হয়েছে। উক্ত প্ল্যাটফর্ম ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ ০৩ মার্চ ২০২১ তারিখ থেকে পরীক্ষামূলকভাবে ব্যবহার করে আসছে। আন্তঃব্যাংক মানি মার্কেটের কার্যক্রম সুচারুরূপে পরিচালনার উদ্দেশ্যে এ মার্কেটের অংশগ্রহণকারীদের জন্য অনুসৃতব্য নির্দেশনাবলী সম্বলিত "Guidelines on Electronic Dealing System for Interbank Money Market (EDSMoney)" প্রণয়ন করা হয়েছে যা এ সার্কুলারের মাধ্যমে জারি করা হলো। উল্লেখ্য, এ সার্কুলার ও গাইডলাইনে উল্লেখিত 'আন্তঃব্যাংক' বা 'Interbank' লেনদেন বলতে শুধুমাত্র EDSMoney প্ল্যাটফর্মে অংশগ্রহণকারী তফসিলি ব্যাংকগুলোর পাশাপাশি অনুমোদনপ্রাপ্ত আর্থিক প্রতিষ্ঠান ও অন্যান্য প্রতিষ্ঠানের লেনদেনসমূহকে বোঝানো হয়েছে।

০২। এ গাইডলাইনে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী এখন থেকে আন্তঃব্যাংক মানি মার্কেটের Unsecured Segment-এর সকল ধরণের লেনদেন (Overnight, Short Notice ও Term) EDSMoney প্ল্যাটফর্মের মাধ্যমে পরিচালিত হবে। এ সকল লেনদেন Real Time ভিত্তিতে EDSMoney প্ল্যাটফর্মে সম্পাদিত হওয়ায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহের রিপোর্টিং কার্যক্রম স্বয়ংক্রিয়ভাবে এর মাধ্যমে সম্পন্ন হবে। তবে উল্লিখিত প্ল্যাটফর্ম পূর্ণাঙ্গভাবে চালু হওয়ার তারিখ হতে ০৩ (তিন) মাস পর্যন্ত সংযোজনী 'ক' তে প্রদত্ত নির্দেশনা মোতাবেক রিপোর্টিং কার্যক্রম চলমান থাকবে।

০৩। EDSMoney Guidelines এ বর্ণিত নির্দেশনাসমূহ অবিলম্বে কার্যকর হবে। উক্ত গাইডলাইন অনুসরণপূর্বক মানি মার্কেটে অংশগ্রহণকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে ০১ ডিসেম্বর ২০২১ তারিখ হতে EDSMoney প্ল্যাটফর্মে পূর্ণাঙ্গরূপে Live operations এ অংশগ্রহণের বিষয়টি আবশ্যিকভাবে পরিপালন করতে হবে।

আপনাদের বিশ্বস্ত

(খোন্দকার সিদ্দীকুর রহমান)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১৩১

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

**সংযোজনী : 'ক'**

## **E-mail এর মাধ্যমে কলমানি লেনদেনের বিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

কলমানি লেনদেনের বিবরণী প্রেরণ প্রসঙ্গে নিম্নোক্ত নির্দেশনাসমূহ পরিপালনের জন্য অনুরোধ করা হলোঃ

১। dmd.callmoney@bb.org.bd এবং callmoneymonitor@yahoo.com একাউন্ট দুটির মাধ্যমে কলমানি বিবরণীর Oracle Format এর Soft Copy, Attachment File হিসাবে প্রতিদিনের লেনদেন শেষে সর্বোচ্চ আধা ঘন্টার মধ্যে (বিকাল ৪টা থেকে ৪.৩০টার মধ্যে) যথাযথ কর্তৃপক্ষের নাম, পদবী, ফোন নম্বরসহ পাঠাতে হবে;

২। বিবরণীর কোন প্রকার সংশোধনী থাকলে উল্লিখিত প্রক্রিয়ায় তা সংশোধনপূর্বক পুনরায় কর্ম দিবস সমাপ্তির অনধিক ১ ঘন্টা আগে Revised Statement নামে E-mail করতে হবে;

৩। কলমানিতে কোন প্রকার লেনদেন না হলে "Nil Statement" উল্লেখপূর্বক নির্দিষ্ট সময়ের মধ্যেই E-mail করে জানাতে হবে।

